



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ বিভাগ



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.৩

তারিখ: ২৪ পৌষ ১৪২৮

০৮ জানুয়ারি ২০২২

বিষয়: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২১ লঙ্ঘন করে ভর্তি বিজ্ঞপ্তি প্রচার করা য় কারণ দর্শানোর প্রসঙ্গে।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২১

২। খুলনা পাবলিক কলেজের ওয়েবসাইটে প্রচারিত একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি।

খুলনা পাবলিক কলেজের ওয়েবসাইটে প্রচারিত ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তিতে দেখা যায়,

(১) সংশ্লিষ্ট কলেজে শুধুমাত্র ২০২১ সালে এসএসসি/দাখিল পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি করার কথা উল্লেখ করা হয়েছে

(২) কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থীগণ আবেদন করতে পারবে না বলে উল্লেখ করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা -২০২১ অনুযায়ী ২০১৯, ২০২০ এবং ২০২১ সালের সালে যে কোনও শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯, ২০২০ এবং ২০২১ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানববলি সাপেক্ষে কোনো কলেজ বা সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

এক্ষেত্রে খুলনা পাবলিক কলেজ কর্তৃক শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তির নীতিমালা-২০২১ লঙ্ঘন করে ভর্তি বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে।

এমতাবস্থায়, খুলনা পাবলিক কলেজের ওয়েবসাইটে প্রকাশিত ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তির নীতিমালা লঙ্ঘন করায় কেন সংশ্লিষ্ট কলেজের ভর্তি কার্যক্রম স্থগিত করা হবে না এবং শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালার ৯.২ উপানুচ্ছেদ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে না ০৩ দিনের মধ্যে তার কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮-১-২০২২

কে এম রস্বানী

কলেজ পরিদর্শক

অধ্যক্ষ, খুলনা পাবলিক কলেজ, খুলনা।

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.৩/১(৫)

তারিখ: ২৪ পৌষ ১৪২৮

০৮ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
- ৪) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



৮-১-২০২২

কে এম রব্বানী
কলেজ পরিদর্শক